কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং : ১২.২০.০০০০.০২০.৫১.০০৩.১৯ তারিখঃ মার্চ ২০২০

**বিষয় : গত ০৮ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ০৮ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

(মোঃ আব্দুল মোত্তাকিন)
পরিচালক (সাপোর্ট সার্ভিস)
ও
সদস্য-সচিব
বিএআরসি নৈতিকতা কমিটি

বিতরণঃ

১. ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি, ঢাকা।
২. ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি, ঢাকা।
৩. ড. মোঃ বক্তীয়ার হোসেন, পরিচালক (জনশক্তি ও প্রশিক্ষণ), বিএআরসি, ঢাকা।
৪. ড. কবির উদ্দিন আহমেদ, পরিচালক (কৃষি তথ্য কেন্দ্র), বিএআরসি, ঢাকা।
৫. জনাব হাসান মোঃ হামিদুর রহমান, পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রিন্সিপাল টেকনিক্যাল অফিসার, বিএআরসি, ঢাকা।

অনুলিপিঃ

১. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।

ফোন: +৮৮০-২-৯১৩৫৫৮৭, +৮৮০-২-৯১১০৮৪২; ফ্যাক্স: +৮৮০-২-৯১২৮০৬১, +৮৮০-২-৮১১০৯২৪
ই-মেইল: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫

**বিষয়: ০৮ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত বিএআরসি'র নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ ছায়ফুল্লাহ<br>সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বিএআরসি |
| তারিখ ও সময় | : ০৮ মার্চ ২০২০, বিকাল ৩:০০ টায় |
| স্থান | : সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট-"ক" |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি কমিটির সদস্য-সচিব জনাব মোঃ আব্দুল মোত্তাকিন, পরিচালক (সাপোর্ট সার্ভিস) কে আলোচ্যসূচি উপস্থাপনের আহবান জানান।

**আলোচ্যসূচি-১ : জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ৩য় কোয়ার্টারের অগ্রগতি।**

সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা অনুসরণপূর্বক কাউন্সিলের কর্মপরিকল্পনার ২০১৯-২০২০ এর ৩য় কোয়ার্টারের জন্য নির্ধারিত নিম্নোক্ত লক্ষ্যসমূহ আলোচনা করা হয়।

১.১ নৈতিকতা কমিটির সভা

**আলোচনা** : নৈতিকতা কমিটির সভার বিষয়ে আলোচনা হয়। সভায় উপস্থাপনের জন্য কার্যপত্র তৈরীর সময় সতর্কতা অবলম্বন করে প্রতিটি কার্যক্রমের অগ্রগতির তথ্য সন্নিবেশ করার প্রতি জোর দেয়া হয়। এছাড়া, প্রতি প্রান্তিকের শুরুতে একটি এবং শেষে একটি সভা আহবান করার বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** : আগামী প্রান্তিক হতে শুরুতে একটি এবং শেষে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

**আলোচনা** : নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে অধিকতর যত্নবান হওয়ার প্রতি গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে নিয়মিত monitoring করার বিষয়ে সদস্যগণ তাগিদ প্রদান করেন।

সিদ্ধান্ত : চলতি প্রান্তিকের জন্য নির্ধারিত monitoring কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।

২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন

**আলোচনা** : কর্ম দক্ষতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রশিক্ষন সাপ্তাহিক ছুটির দিনে আয়োজনের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** : আগামি ২১ মার্চ প্রশিক্ষনের জন্য সম্ভাব্য তারিখ নির্ধারন করা হয়।

২.৪ কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন

**আলোচনা** : সুশাসন সংক্রান্ত প্রশিক্ষন সাপ্তাহিক ছুটির দিনে আয়োজনের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** : আগামি ২৮ মার্চ প্রশিক্ষনের জন্য সম্ভাব্য তারিখ নির্ধারন করা হয়।

৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ

**আলোচনা :** উপস্থিত সদস্যগণ ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করার জন্য পরিচালক (কম্পিউটার ও জিআইএস) কে অনুরোধ জানান। প্রশাসন শাখা হতে তথ্য প্রাপ্তি সাপেক্ষ্যে কম্পিউটার ইউনিট হতে হালনাগাদ করা হবে মর্মে পরিচালক (কম্পিউটার ও জিআইএস) সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত :** ওয়েবসাইট হতে স্ক্রিণশট নিয়ে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে হালনাগাদের তথ্য পাঠাতে হবে।

৪.৩ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ

**আলোচনা :** উপস্থিত সদস্যগণ ওয়েবসাইটে তথ্য প্রকাশ নির্দেশিকা নিয়মিত হালনাগাদ করার জন্য পরিচালক (কম্পিউটার ও জিআইএস) কে অনুরোধ জানান। এ বিষয়ে কাউন্সিলের তথ্য প্রদানকারী কর্মকর্তা জনাব মোঃ মুস্তাফিজুর রহমান সভাকে অবহিত করেন যে, নির্দেশিকাটি ২০১৫ সালে তৈরি করা হয়েছে। এরপর এটি হালনাগাদ করা সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। ফলে ওয়েবসাইটে ২০১৫ সালের নির্দেশিকাটি-ই প্রদর্শিত হচ্ছে।

**সিদ্ধান্ত :** হালনাগাদের বিষয়ে তথ্য পাওয়ামাত্র  ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে হবে।

৪.৪ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ

**আলোচনা :** উপস্থিত সদস্যগণ ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করার জন্য পরিচালক (কম্পিউটার ও জিআইএস) কে অনুরোধ জানান। কম্পিউটার ইউনিট হতে নিয়মিত হালনাগাদ করা হয় মর্মে পরিচালক (কম্পিউটার ও জিআইএস) সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত :** ওয়েবসাইট হতে স্ক্রিণশট নিয়ে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে হালনাগাদের তথ্য পাঠাতে হবে।

৪.৫ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ

**আলোচনা :** উপস্থিত সদস্যগণ ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত হালনাগাদ করার জন্য পরিচালক (কম্পিউটার ও জিআইএস) কে অনুরোধ জানান। প্রশাসন শাখা হতে তথ্য প্রাপ্তি সাপেক্ষ্যে কম্পিউটার ইউনিট হতে হালনাগাদ করা হবে মর্মে পরিচালক (কম্পিউটার ও জিআইএস) সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত :** ওয়েবসাইট হতে স্ক্রিণশট নিয়ে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে হালনাগাদের তথ্য পাঠাতে হবে।

৬.২ এডিপি বাস্তবায়ন অগ্রগতি

**আলোচনা :** এডিপি বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কমিটির আহবায়ক ড. মোঃ ছায়ফুল্লাহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণের পূর্বে ভালো ভাবে যাচাই-বাছাই এর প্রতি গুরুত্ব আরোপ করেন। তাছাড়া, এডিপি বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের মাঝে বিতরনের ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।

**সিদ্ধান্ত :** NATP-2 প্রকল্প হতে এডিটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহ করে প্রমাণক হিসেবে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে পাঠাতে হবে।

### ৬.৩ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ

**আলোচনা** : প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন সঠিক প্রক্রিয়ায় করা হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য কমিটির সদস্যগণ সদস্য-সচিবকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত** : NATP-2 প্রকল্প হতে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহ করে প্রমাণক হিসেবে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে পাঠাতে হবে।

### ৬.৪ প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন

**আলোচনা** : প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ কতটুকু বাস্তবায়ন করা সম্ভব হয়েছে, তা সঠিকভাবে নিরূপন করে তথ্য প্রদানের বিষয়ে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** : NATP-2 প্রকল্প হতে প্রকল্পের পরিদর্শন/ পরিবীক্ষণ প্রতিবেদনের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য সংগ্রহ করে প্রমাণক হিসেবে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে পাঠাতে হবে।

### ৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন

**আলোচনা** : কাউন্সিলের ক্রয় কার্য সম্পাদনের কত ভাগ ই-টেন্ডারের মাধ্যমে করা হচ্ছে, সে বিষয়ক হালনাগাদ তথ্য না থাকায় কমিটির আহবায়ক অসন্তোষ প্রকাশ করেন। তৃতীয় প্রান্তিকের প্রতিবেদন প্রেরণের পূর্বে সঠিক তথ্য সংগ্রহ করে প্রেরণ জন্য তিনি নির্দেশ প্রদান করেন।

**সিদ্ধান্ত** : কাউন্সিলের সংগ্রহ শাখা হতে ই-টেন্ডার সংক্রান্ত তথ্য সংগ্রহ করে প্রমাণক হিসেবে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে পাঠাতে হবে।

### ৮.২ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন

**আলোচনা** : কাউন্সিলের বিভিন্ন বিভাগ/শাখা পরিদর্শনের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রার তৈরী করে দেয়ার জন্য প্রশাসন শাখাকে অনুরোধ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া, প্রতি মাসেই ভিন্ন ভিন্ন বিভাগ/শাখা পরিদর্শনের বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** : প্রতি মাসের প্রথম সোমবার সকাল ৯:৩০ হতে ১০:০০ টার মধ্যে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।


### ৮.৩ শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন

**সিদ্ধান্ত** : পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

### ৮.৪ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ

**আলোচনা** : সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ এর জন্য কাউন্সিলের সকলকে সচেতন করার প্রতি সদস্যগণ ঐক্যমত প্রদান করেন। বিশেষ করে ই-ফাইল খোলার সময় নথির শ্রেণি নির্ধারণ করার ক্ষেত্রে সতর্ক থাকতে হবে

**সিদ্ধান্ত** : পরিচালক (কম্পিউটার ও জিআইএস) এ বিষয়ে ব্যবস্থা গ্রহন করবেন।



৯.১ কর্মকর্তা-কর্মচারিদের ডিজিটাল হাজিরা নিশ্চিতকরণ

**আলোচনা** : কর্মকর্তা-কর্মচারিদের ডিজিটাল হাজিরা নিশ্চিতকরণের জন্য নিয়মিত রিপোর্ট বের করার বিষয়ে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত** : সপ্তাহে একদিন ডিজিটাল হাজিরার রিপোর্ট বের করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯.৩ দাপ্তরিক পত্র ই-ফাইলে নিস্পত্তিকরণ

**আলোচনা** : ই-ফাইলের ক্ষেত্রে কাঙ্খিত অগ্রগতি অর্জিত হয়নি। এ বিষয়ে আরো বেশী জোর দিতে হবে। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক বিভাগের রিপোর্টসহ তাগিদ পত্র প্রদানের করার বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** : দাপ্তরিক পত্র ই-ফাইলে নিস্পত্তিকরণের বিষয়ে অগ্রগতি প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকলকে তাগিদপত্র প্রদান করা হবে।

৯.৪ দুর্নীতি রোধে সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধি

**আলোচনা** : সদস্য-সচিব জনাব মোঃ আব্দুল মোত্তাকিন সভাকে অবহিত করেন, গত ২০ জানুয়ারি ২০২০ তারিখে দুর্নীতি/অনিয়ম রোধে সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি সেমিনার আয়োজন করা হয়েছে।

**সিদ্ধান্ত** : সেমিনার আয়োজন সংক্রান্ত পত্রাদি প্রমাণক হিসেবে তৃতীয় প্রান্তিকের প্রতিবেদনের সাথে পাঠাতে হবে।

১২.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ

**আলোচনা** : সদস্য-সচিব জনাব মোঃ আব্দুল মোত্তাকিন সভাকে অবহিত করেন, প্রান্তিক শেষ হবার পর পরবর্তী মাসের ৬ তারিখের মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে দাখিল ও কাউন্সিলের ওয়েবসাইটে আপলোড করা হয়।

**সিদ্ধান্ত** : নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন আপলোড করা হবে।

১২.৩ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান

**আলোচনা** : সদস্য-সচিব জনাব মোঃ আব্দুল মোত্তাকিন সভাকে অবহিত করেন, কাউন্সিলের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় না থাকায় দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের বিষয়টি কাউন্সিলের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

**সিদ্ধান্ত** : তৃতীয় প্রান্তিকের প্রতিবেদন প্রেরণের সময় বিষয়টি উল্লেখ করতে হবে ।

**আলোচ্যসূচি-২ : বিবিধ : সদস্য-সচিব পরিবর্তন।**

**আলোচনা** : সদস্য-সচিব জনাব মোঃ আব্দুল মোত্তাকিন সভাকে অবহিত করেন, তিনি উপ-পরিচালক (সংস্থাপন) পদে থাকাকালীন সময় হতে নৈতিকতা কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করে আসছেন। বর্তমানে তিনি পরিচালক (সাপোর্ট সার্ভিস) পদে পদোন্নতি পাবার কারণে ব্যস্ততার বেড়ে যাওয়ায় তাঁর পক্ষে এই দায়িত্ব পালন করা কষ্টকর হয়ে দাড়িয়েছে। তিনি উপ-পরিচালক (সংস্থাপন) পদে সদ্য পদোন্নতিপ্রাপ্ত মোহাম্মদ মাহবুবুল হাসানকে সদস্য-সচিবের দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন। প্রস্তাবটি সর্বসম্মতভাবে গৃহীত হয়।

**সিদ্ধান্ত** : পরবর্তী সভা হতে মোহাম্মদ মাহবুবুল হাসান সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে অবহিত করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৬/২০২০
(মোঃ আব্দুল মোত্তাকিন)
পরিচালক (সাপোর্ট সার্ভিস), বিএআরসি
ও
সদস্য-সচিব
বিএআরসি'র নৈতিকতা কমিটি

২৮/০৬/২০২০
(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য-পরিচালক (প্রশাঃ ও অর্থ), বিএআরসি
ও
আহ্বায়ক
বিএআরসি'র নৈতিকতা কমিটি